



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২৮৩.২০১৯/৫০৪/২

তারিখ: ১১/০৮/১৪২৭বঙ্গাব্দ
২৬/০৭/২০২০খ্রিস্টাব্দ

বিষয়: গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ধর্মপুর আব্দুর জব্বার ডিগ্রি কলেজের জনাব মোঃ এহেতেশামুল হক ডাকুয়া, প্রভাষক, অর্থনীতি কে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক স্ব-পদে পুনর্বহাল ও বকেয়াসহ বেতনভাতা প্রদান।

সূত্র: জনাব মোঃ এহেতেশামুল হক ডাকুয়া, প্রভাষক, অর্থনীতি এর ১৪/০১/২০২০খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ধর্মপুর আব্দুর জব্বার ডিগ্রি কলেজের জনাব মোঃ এহেতেশামুল হক ডাকুয়া, প্রভাষক, অর্থনীতি কে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক স্ব-পদে পুনর্বহাল ও বকেয়াসহ বেতনভাতা প্রদান করার জন্য আবেদন করেন।

জনাব মোঃ এহেতেশামুল হক ডাকুয়া, প্রভাষক, অর্থনীতি এর আবেদন পর্যালোচনা করলে দেখা যায়, তাঁকে গভর্নিং বডি ২৬/১১/২০১৫খ্রি. তারিখ বরখাস্ত করেন। উক্ত বরখাস্তের প্রতিকার চেয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদন করেন এবং মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৭৫৭৯/২০১৬ দায়ের করেন। জনাব মোঃ এহেতেশামুল হক ডাকুয়া, প্রভাষক, অর্থনীতি এর আবেদন এবং রিট পিটিশন নং-৭৫৭৯/২০১৬ এর আলোকে তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক স্ব-পদে পুনর্বহাল করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ১৪/১১/২০১৬খ্রি. তারিখ কলেজের অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়। উক্ত পত্রের প্রেক্ষিতে জনাব মোঃ এহেতেশামুল হক ডাকুয়া, প্রভাষক, অর্থনীতি কে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক স্ব-পদে পুনর্বহাল না করলে পুনরায় তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদন করেন। জাতীয় বিশ্ববিদ্যালয় পুনরায় তাঁকে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক স্ব-পদে পুনর্বহাল করার জন্য ১১/০১/২০১৭খ্রি. তারিখ পুনরায় পত্র প্রেরণ করেন। তথাপিও তাকে কলেজ কর্তৃপক্ষ স্ব-পদে পুনর্বহাল করেননি। পরবর্তীতে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০৭৮/২০১৭ দায়ের করেন। উক্ত রিট পিটিশন মামলার রায়ের আলোকে জনাব মোঃ এহেতেশামুল হক ডাকুয়া, প্রভাষক, অর্থনীতি কে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক স্ব-পদে পুনর্বহাল করার জন্য ১৮/১২/২০১৮খ্রি. তারিখ পুনরায় সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়। কিন্তু অদ্যাবধি তাকে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক স্ব-পদে পুনর্বহাল করা হয়নি।

এমতাবস্থায়, জনাব মোঃ এহেতেশামুল হক ডাকুয়া, প্রভাষক, অর্থনীতি কে গভর্নিং বডি কেন বরখাস্ত করেছে, জাতীয় বিশ্ববিদ্যালয় সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারের কথা বলার পরও কেন পুনর্বহাল করা হয়নি ইত্যাদি বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alcader
23.07.2020

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

ধর্মপুর আব্দুর জব্বার ডিগ্রি কলেজ

সুন্দরগঞ্জ, গাইবান্ধা

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, ধর্মপুর আব্দুর জব্বার ডিগ্রি কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা
- ২। সংরক্ষণ নথি।